



বেসিক ব্যাংক লিমিটেড

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক

ঝিনাইদহ শাখা, ঝিনাইদহ

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ (৩) ধারা মতে

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মেসার্স রাজা এন্টারপ্রাইজ এর পক্ষে মালিক জনাব মোঃ ইজ্জার উদ্দিন, পিতা-মোঃ লাল মোহাম্মদ শাহ, স্থায়ী ঠিকানাঃ গ্রাম/রাস্তাঃ পবহাটি, ডাকঘরঃ ঝিনাইদহ-৭৩০০, উপজেলা-ঝিনাইদহ সদর, জেলাঃ ঝিনাইদহ। বেসিক ব্যাংক লিমিটেড, ঝিনাইদহ শাখা হতে মেসার্স রাজা এন্টারপ্রাইজ এর নামে ২,২৫,০০,০০০.০০ (দুই কোটি পঁচিশ লক্ষ) টাকা ঋণ গ্রহণ করেন। উক্ত ঋণের বিপরীতে জনাব মোঃ ইজ্জার উদ্দিন, পিতাঃ মোঃ লাল মোহাম্মদ শাহ, স্থায়ী ঠিকানাঃ গ্রাম/রাস্তাঃ পবহাটি, ডাকঘরঃ ঝিনাইদহ-৭৩০০, উপজেলা-ঝিনাইদহ সদর, জেলাঃ ঝিনাইদহ তার মালিকানাধীন নিম্নলিখিত তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংকের নিকট বন্ধক রেখেছেন। বারংবার তাগাদা দেয়া সত্ত্বেও ব্যাংক ঋণ গ্রহিতার নিকট হতে ব্যাংকের পাওনা আদায় করতে পারে নাই। বর্তমানে ২৭-১২-২০২৩ তারিখ পর্যন্ত হিসাব মতে তার নিকট ব্যাংকের সুদ ও অন্যান্য খরচসহ মেসার্স রাজা এন্টারপ্রাইজ এর নামে সর্বমোট ৩,৫৯,০১,৪১৮.০৩ (তিন কোটি উনষাট লক্ষ এক হাজার চারশত আঠার টাকা তিন পয়সা) টাকা এবং আদায়কালতক অনারোপিত সুদ এবং অন্যান্য খরচ পাওনা হয়েছে। ঋণ নেয়ার সময় ঋণ গ্রহীতা/বন্ধকদাতা বন্ধকীকৃত সম্পত্তি বিক্রি করার ক্ষমতা ব্যাংককে প্রদান করেছেন। তার প্রদত্ত ক্ষমতা বলে এবং উপরোল্লিখিত আইনের বিধান মতে নিম্ন তফসিল বর্ণিত স্থাবর সম্পত্তি বিক্রি করার জন্য সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। আগামী ২৫-০১-২০২৪ ইং তারিখ ২.৩০ ঘটিকার মধ্যে ব্যাংকের ঝিনাইদহ শাখায় রক্ষিত দরপত্র বাস্তব দরপত্র জমা করতে অথবা খামের উপর 'সম্পত্তি ক্রয় দরপত্র' লিখে রেজিষ্টার্ড ডাকযোগে উক্ত ঠিকানায় প্রেরণ করতে হবে। ঐ দিন বেলা ২.৩০ ঘটিকার সময় দরপত্রদাতা কিংবা তাদের প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হতে হবে। বন্ধকীকৃত সম্পত্তি ক্রয়ের জন্য বেসিক ব্যাংকের অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আকারে নিম্নরূপ জামানত দরপত্রের সাথে দাখিল এবং বর্ণিত পরিশোধ সূচি অনুযায়ী বাকী টাকা পরিশোধ করতে হবে:

দরপত্রের উদ্ধৃত মূল্য	জামানত	বাকী টাকা পরিশোধের সময়
অনূর্ধ্ব টাকা ১০,০০,০০০/-	২০%	দরপত্র গৃহীত হবার পরবর্তী ৩০(ত্রিশ) দিন
টাকা ১০,০০,০০১/- হতে অনূর্ধ্ব টাকা ৫০,০০,০০০/-	১৫%	দরপত্র গৃহীত হবার পরবর্তী ৬০(ষাট) দিন
টাকা ৫০,০০,০০০/- এর অধিক	১০%	দরপত্র গৃহীত হবার পরবর্তী ৯০(নব্বই) দিন

দরপত্র গৃহীত হবার পর উপরোল্লিখিত সময়ের মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হলে জামানতের টাকা ব্যাংক এর অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন। সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হওয়ার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন। প্রকাশ থাকে যে, দরপত্রে উল্লেখিত মূল্য অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হলে অথবা কোন কারণ দর্শানো ব্যতিরেকেই ব্যাংক কর্তৃপক্ষ যে কোন / সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

তফসিল সম্পত্তির বিবরণঃ রেজিষ্টার্ড মর্টগেজকৃত ৩১.০০ শতক জমিতে আধুনিক সুবিধা সহ (২টা) আবাসিক-বাণিজ্যিক ভবন, একটা ৪-তলা (৮২৭২ বর্গফুট) ও একটি ৩-তলা (৬৪৫৯ বর্গফুট)= ১৪৭৩১ বর্গফুট। মৌজা-পবহাটি, ঝিনাইদহ সদর, জেলা-ঝিনাইদহ, অধীনে জে এল নং-১৫৯

খতিয়ান				প্লট/ দাগ নং		জমির শ্রেণী	জমির পরিমাণ
সিএস	এসএ	আরএস (ডিপি)	সেপারেশন খতিয়ান	সিএস + এসএ	আরএস		
৭৯৬	৬৮৩	৪২৩	৬৮৩/১, ৬৮৩/২, ১১৮০/৪, ১১৮০/১৩,	৫২৯, ৫৩০, ৫৫৩, ৫৫৪, ৫৮২, ৫৮৩,	১৮৬৯	বাস্ত	৩১.০০ শতক
						মোট=	৩১.০০ শতক

সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও শাখা প্রধান

ঝিনাইদহ শাখা, ঝিনাইদহ। ফোনঃ ৮৮০২৪৭৭৪৭১৮৮, মোবাইলঃ ০১৭১৩২৪৪৮৮৮

যুগান্তর - ২৯-১২-২০২৩ ইং

নবচিত্র - ২৯-১২-২০২৩ ইং